# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ অশুদ্ধ হাদীসের বিষয়ভিত্তিক মূলনীতি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

(খ) মোল্লা আলী কারী ও দরবেশ হূত

১০ম-১১শ হিজরী শতকের অন্যতম শ্রেষ্ঠ আলিম ও হানাফী ফকীহ মোল্লা আলী ইবনু সুলতান মুহাম্মাদ নূরুদ্দীন হারাবী কারী (১০১৪ হি) রচিত বিভিন্ন মূল্যবান পুস্তকের মধ্যে দুটি পুস্তক জাল হাদীস বিষয়ক। একটির নাম: ‘আল-আসরারুল মারফূয়া’ বা ‘আল-মাউদূ‘আত আল-কুবরা’ ও অন্যটির নাম ‘আল-মাসনূ ফিল হাদীসিল মাউদূ’ বা ‘আল-মাউদূ‘আত আস-সুগরা’। উভয় গ্রন্থের শেষে জাল হাদীস বিষয়ক কিছু মূলনীতি উল্লেখ করা হয়েছে।

ত্রয়োদশ হিজরী শতকের সুপ্রসিদ্ধ সিরীয় আলিম ও সূফী মুহাম্মাদ ইবনুস সাইয়িদ দরবেশ হূত (১২০৯-১২৭৬ হি) । তাঁর রচিত মূল্যবান গ্রন্থগুলোর একটি ‘আসনাল মাতালিব’। এই গ্রন্থে তিনি সমাজে প্রচলিত বিভিন্ন সহীহ, যয়ীফ ও মাউযূ হাদীসের আলোচনা করেছেন। গ্রন্থের শেষে তিনি জাল হাদীস বিষয়ক কিছু মূলনীতি উল্লেখ করেছেন। এ দুই আলিমের উল্লিখিত মূলনীতিগুলোর আলোকে আমি এখানে সংক্ষেপে কিছু বিষয় উল্লেখ করছি[1]:

ফুটনোট

[1] বিস্তারিত দেখনু, আল-আসরার, পৃ. ২৭৭-২৫৯; আল-মাসনূ, পৃ. ১৭৮-২২০; আসনাল মাতালিব, পৃ. ২৬৯-৩০০।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4734

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন